

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)  
বোদা, পঞ্চগড়

স্মারক নং- ৫১.০১.৭৭২৫.০২১.০৫.০১৯.২৩-৩৩২

১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৮ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরে পবিত্র ঈদ-উল ফিতর ২০২৪ উপলক্ষে ইউনিয়নওয়ারী ভিজিএফ খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে ভিজিএফ কার্ড পুনঃ  
বরাদ্দ ও উপকারভোগীদের নামের তালিকা দাখিল প্রসঙ্গে।

সূত্র : ৪ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার গত ২৭/০৩/২০২৪ খ্রি: তারিখের ৫১.২১.০০০০.০১৮.২০.০৩৬.২৩-১৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০২৩-২০২৪ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় পবিত্র ঈদ-উল ফিতর ২০২৪ উপলক্ষে দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি পরিবারের জন্য ভিজিএফ খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে এ উপজেলায় ১৩,৪৪৮টি কার্ডের বিপরীতে কার্ড প্রতি ১০ (দশ) কেজি হারে মোট ১৪৩.৪২০ মে.টন ভিজিএফ চালের বরাদ্দ পাওয়া গেছে। “মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩” অনুসরণপূর্বক ও বরাদ্দ পত্রের আলোকে আদমশুমারী-২০১৬ এর জনসংখ্যা অনুযায়ী নিম্নোক্তভাবে ইউনিয়নওয়ারী কার্ড পুনঃ বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ইউনিয়নে কাড সংখ্যা	মন্তব্য
০১	ঝলইশালশিরী	১,২০১টি	
০২	ময়দানদিঘী	১,৪৪৬ টি	
০৩	বেংহারী বনগ্রাম	১,৪৭৬ টি	
০৪	কালিয়াগঞ্জ	১,৬১১ টি	
০৫	বড়শশী	১,৭৫৭ টি	
০৬	মাড়িয়া বামনহাট	১,৩৭৭ টি	
০৭	চন্দনবাড়ী	১,২৫১ টি	
০৮	বোদা	৮৭২ টি	
০৯	সাকোয়া	১,২২০ টি	
১০	পাটপীর	১,২৬৫ টি	
	মোট=	১৩,৪৭৬ টি	

শর্তাবলী :

- ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত করে ভিজিএফ কার্ডধারীদের তালিকা প্রনয়ণ করতে হবে।
  - ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ পূর্বক আগামী ০৩/০৪/২০২৪খ্রি: তারিখের মধ্যে পুনঃবরাদ্দকৃত ভিজিএফ চাল উত্তোলন ও বিতরণ নিশ্চিত করতে হবে।
    - আদমশুমারী-২০১৬ এর জনসংখ্যা অনুযায়ী ওয়ার্ড ভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। [www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd) এ গেয়েব সাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।
    - দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাভ্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।
    - নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে :-
      - যে পরিবার মালিকানায কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
      - যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
      - যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
      - যে পরিবারের উপার্জনক্ষম পূর্ববয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
      - যে পরিবার স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
      - যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
      - যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্ত, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্ত মহিলা রয়েছে।
      - যে পরিবারের প্রধান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা।
      - যে পরিবারের প্রধান অস্বচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
      - যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
      - যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
      - যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দুবেলা খাবার পায় না।
  - ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
  - ভিজিএফ উপকারভোগীর তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ এর চাল বরাদ্দ না পায়।
  - মঞ্জুরীকৃত চাল নিম্নবর্ণিত শর্তাদি পালন পূর্বক বিলি বটন করতে হবে।
    - উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।
    - বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন ০৩(তিন) দিনের মধ্যে নিম্নাঙ্করকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।
    - বরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।
- “মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩” এবং উপরোক্ত শর্তাবলী যথানিয়মে অনুসরণ পূর্বক ইউনিয়ন কমিটির সভা আহবান করে ভিজিএফ উপকারভোগীর নামের তালিকা প্রস্তুত পূর্বক আগামী ০১/০৪/২০২৪খ্রি: তারিখের মধ্যে অগ্রাফিসের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিলের জন্য অনুরোধ করা হ'ল।



মো. শাহরিয়ার নজির  
উপজেলা নির্বাহী অফিসার  
বোদা, পঞ্চগড়


মোবাইল নং-০১৭০৮৩৯৭৭০৯ (অফিস)

ই-মেইল- [unoboda@mopa.gov.bd](mailto:unoboda@mopa.gov.bd)

চেয়ারম্যান,ঝলইশালশিরী/ময়দানদিঘী/বেংহারী/কালিয়াগঞ্জ/বড়শশী/  
মাড়িয়া/চন্দনবাড়ী/বোদা/সাকোয়া ও পাটপীর ইউনিয়ন, বোদা, পঞ্চগড়।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- মাননীয়, জাতীয় সংসদ সদস্য, ২ পঞ্চগড়-২।
- জেলা প্রশাসক, পঞ্চগড়।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা, পঞ্চগড়।

  
২৮/০৩/২০২৪